

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 16-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM Vice President :**

ভারতের উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণনের সঙ্গে গতকাল সাক্ষাৎ করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি উপরাষ্ট্রপতিকে এই মর্যাদাপূর্ণ পদে নির্বাচিত হওয়ার জন্য শুভেচ্ছা জানান। মুখ্যমন্ত্রী উপরাষ্ট্রপতিকে মাতা ত্রিপুরা স্কন্দরী মন্দির দর্শনের জন্যও আমন্ত্রণ জানিয়েছেন।

\*\*\*\*\*

**PM Modi Visit Andhra Pradesh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশ সফর করবেন। এই সফরে তিনি নান্দিয়াল জেলার শ্রীশৈলমে শ্রী ভ্রমরম্ভা মল্লিকার্জুন স্বামী ভার্লা দেবস্থানম দর্শন ও পূজার্চনা করবেন। প্রধানমন্ত্রী কুর্নুলে ১৩ হাজার ৪শ ৩০ কোটি টাকারও বেশি মূল্যের এক গুচ্ছ প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে শিল্প, বিদ্যুৎ সরবরাহ, সড়ক, রেল, প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রভৃতি।

\*\*\*\*\*

**PM-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল নয়াদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। রাজ্যের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে তিনি প্রধানমন্ত্রীকে বিস্তারিত অবহিত

করেন। ত্রিপুরায় অবিলম্বে রেললাইন ডাবল করা, আগরতলা ও গুয়াহাটীর মধ্যে বন্দে ভারত ট্রেন চালুর উদ্যোগ নিতে মুখ্যমন্ত্রী গতকাল প্রধানমন্ত্রীর কাছে অনুরোধ জানিয়েছেন। তাছাড়া তিনি রাজ্যে বসবাসরত ব্র-রিয়াং শরণার্থীদের জাতীয় খাদ্য নিরাপত্তা আইন NFSA প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত করে তাদের জন্য পিডিএস ব্যবস্থায় গমের বরাদ্দ বৃদ্ধি করার প্রস্তাবও রেখেছেন প্রধানমন্ত্রীর কাছে।

\*\*\*\*\*

### **Ratan Lal Nath:**

কৃষি মন্ত্রী রতন লাল নাথ বলেছেন সুস্থ ও ঐক্যবদ্ধ সমাজ গঠনে স্থানীয় ক্লাবগুলোর অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। শুধুমাত্র দুর্গাপূজার মতো উৎসব উদযাপনে সীমাবদ্ধ থাকলে চলবে না। সমাজের উন্নয়নমূলক কাজেও তাদের এগিয়ে আসতে হবে। গতকাল মোহনপুর পুর পরিষদ আয়োজিত শারদ সন্মান অনুষ্ঠানে তিনি একথা বলেন।

\*\*\*\*\*

### **Nesha Mukta Bharat Aviyan :**

মিনিস্ট্রি অফ সোশাল জাস্টিস এন্ড এম্পাওয়ারমেন্ট অফ ইন্ডিয়ার ব্যবস্থাপনায় এবং ধলাই জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে গতকাল কমলপুর টাউন হলে নেশা মুক্ত ভারত বিষয়ে এক সচেতনতা শিবিরে আয়োজন করা হয়। অনুষ্ঠানে ডি আই জি নর্দান রথী রঞ্জন দেবনাথ নেশা থেকে সবাইকে বিরত থাকার আহবান জানান।

\*\*\*\*\*

### **Grant for ESM :**

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং গতকাল প্রাক্তন সেনাকর্মী এবং তাদের উপর নির্ভরশীলদের জন্য আর্থিক সহায়তা ১০০ শতাংশ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করেছেন। পেনারি গ্র্যান্ট অর্থাৎ দারিদ্র্যজনিত আর্থিক অনুদান প্রতি মাসে ৪,০০০ টাকা থেকে দ্বিগুণ করে ৮,০০০ টাকা করা হয়েছে। প্রাক্তন সেনা কর্মীর প্রথম শ্রেণী থেকে স্নাতক স্তর পর্যন্ত পাঠরত দুই নির্ভরশীল শিশু এবং দুই বছরের স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত বিধবাদের জন্য শিক্ষা অনুদান প্রতিমাসে মাথাপিছু ১০০০ টাকা থেকে বাড়িয়ে ২০০০ টাকা করা হয়েছে। বিবাহ অনুদান পঞ্চাশ হাজার টাকা থেকে বাড়িয়ে এক লক্ষ টাকা করা হয়েছে।

\*\*\*\*\*

### **State Level Murasing Cultural Festival :**

রাজ্যভিত্তিক মুড়াসিং সামাজিক সাংস্কৃতিক উৎসব আগামী ৫ নভেম্বর পতিছড়া মেলা প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। উৎসবকে সফল করার জন্য গতকাল পতিছড়া কমিউনিটি হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এমডিসি ডেভিড মুড়াসিং, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক সঞ্জীব চাকমা প্রমুখ প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Blood Donation :**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল গোখাবস্তিতে স্বাস্থ্য ভবনে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের সদস্য সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা প্রমুখ। শিবিরে ২৬ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

## **Amit Shah Congratulates Nation :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আহমেদাবাদে কমনওয়েলথ গেমস ২০৩০ আয়োজনে ভারতের দাবির অনুমোদনের জন্য দেশের প্রতিটি নাগরিককে অভিনন্দন জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী শাহ বলেছেন, ভারতকে বিশ্ব ক্রীড়া মানচিত্রে স্থান দেওয়ার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নিরলস প্রচেষ্টার এটি একটি নিদর্শন। এটি ভারতের জন্য অপরিসীম আনন্দ ও গর্বের দিন।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। সকালে হালকা কুয়াশা পরেছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*